ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-৩২৬৩

কুমারঘাট, ১৬ অক্টোবর,২০২৫

**কুমারঘাটে মহাত্মা গান্ধীর জন্মজয়ন্তী উপলক্ষ্যে সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত**

তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং কুমারঘাট মহকুমা প্রশাসনের যৌথ উদ্যোগে আজ কুমারঘাট ব্লকের বি.পি.আর.সি. হলে জাতির জনক মহাত্মা গান্ধীর জন্মজয়ন্তী উদযাপন করা হয়। এ উপলক্ষ্যে আলোচনাচক্র, দেশাত্মবোধক সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজিত হয়। উল্লেখ্য, গত ২ অক্টোবর গান্ধী জয়ন্তীর দিন শারদোৎসবের বিজয়া দশমী থাকায় মহকুমায় বড় পরিসরে দিনটি উদযাপন করা যায়নি। গান্ধীজীর জন্মজয়ন্তী উপলক্ষ্যে আজ মহকুমাভিত্তিক আলোচনাচক্র ও সাংস্কৃতিক অনুষ্ঠানের উদ্বোধন করে কুমারঘাট পুরপরিষদের চেয়ারপার্সন বিশ্বজিৎ দাস বলেন, মহাত্মা গান্ধীর নীতিবোধ ও দর্শন আজও আমাদের অনুপ্রেরণা যোগায়। তিনি বলেন, গান্ধীজী শুধু রাজনৈতিক স্বাধীনতার জন্যই নয়, সামাজিক ও অর্থনৈতিক সংস্কারের জন্যও কাজ করেছেন। অনুষ্ঠানে এছাড়া বক্তব্য রাখেন জেলাশাসক ড. তমাল মজুমদার। স্বাগত বক্তব্য রাখেন মহকুমার বরিষ্ঠ তথ্য আধিকারিক শুভাশীষ সেনগুপ্ত। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন কুমারঘাট পুরপরিষদের ভাইস চেয়ারপার্সন পবন পাল, মহকুমা শাসক এন. এস. চাকমা, এস.ডি.পি.ও. উৎপলেন্দু দেবনাথ, কুমারঘাটের বি.ডি.ও. ডা. সুদীপ ভৌমিক প্রমুখ। অনুষ্ঠানে সঙ্গীত নিকেতন ও নৃত্যালয়ের শিল্পীরা দেশাত্মবোধক সংগীত ও নৃত্য পরিবেশন করেন।

*****